মেহেরপুরে মাসিক আইন-শৃঙ্খলা ও অপরাধ পর্যালোচনা সভা অনুষ্ঠিত

মেহেরপুরে জেলা পুলিশের মাসিক আইন-শৃঙ্খলা ও অপরাধ পর্যালোচনা সভা অনুষ্ঠিত হয়েছে। সভায় চুরি-ছিনতাই, মাদক, অনলাইন জুয়া, কিশোর গ্যাং ও সাম্প্রদায়িক উসকানিসহ বিভিন্ন অপরাধ দমন এবং জেলার আইন-শৃঙ্খলা পরিস্থিতি নিয়ন্ত্রণে পুলিশ সদস্যদের প্রয়োজনীয় দিকনির্দেশনা দেওয়া হয়।

মঙ্গলবার (২০ অক্টোবর) সকাল ১০টায় মেহেরপুর পুলিশ সুপারের কার্যালয়ের সম্মেলনকক্ষে এ সভা অনুষ্ঠিত হয়। এতে সভাপতিত্ব করেন মেহেরপুরের পুলিশ সুপার আলী হায়দার চৌধুরী, বিপিএম।

সভায় জেলার আইন-শৃঙ্খলা পরিস্থিতি স্বাভাবিক রাখা, বিভিন্ন ধরনের অপরাধ দমন এবং সম্ভাব্য চ্যালেঞ্জ মোকাবিলায় করণীয় নিয়ে আলোচনা করা হয়। এ সময় পুলিশ সদস্যদের সততা, সাহসিকতা, কঠোর পরিশ্রম, নিষ্ঠা ও পেশাদারিত্বের সঙ্গে জেলার সব শ্রেণির নাগরিককে পুলিশি সেবা দেওয়ার নির্দেশনা দেন পুলিশ সুপার।

এ ছাড়া জেলার বিভিন্ন গুরুত্বপূর্ণ মামলার অগ্রগতি নিয়েও বিস্তারিত আলোচনা হয়।

সভায় অতিরিক্ত পুলিশ সুপার (প্রশাসন ও অর্থ), মোহাম্মদ আতিকুল হক, অতিরিক্ত পুলিশ সুপার (ক্রাইম অ্যান্ড অপস) মোঃ জামিনুর রহমান খান এবং জেলা পুলিশের বিভিন্ন পর্যায়ের কর্মকর্তারা উপস্থিত ছিলেন।

ঝিনাইদহে উত্তম কৃষি চর্চা

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

পুলিশ সুপার আলী হায়দার চৌধুরী বিপিএম, অতিরিক্ত জেলা ম্যাজিস্ট্রেট তাজওয়ার আকরাম সাকাপি ইবনে সাজ্জাদ, সিভিল সার্জন ডা. আবু সাঈদ, মেহেরপুর সরকারি কলেজের অধ্যক্ষ অধ্যাপক ড. এ কে এম নজরুল কবীর, জেলা কমান্ড্যান্ট আলামিন হোসেন, সদর উপজেলা নির্বাহী কর্মকর্তা বাবলু সূত্রধর, মুজিবনগর উপজেলা নির্বাহী কর্মকর্তা রুপায়ন দেব, গাংনী উপজেলা নির্বাহী মোঃ মাসুদুর রহনান, সরকারি মহিলা কলেজের উপাধ্যক্ষ মুহাঃ আবদুল্লাহ আল আমিন, গাংনী র্যাব ক্যাম্পের তৌহিদুল ইসলাম, জেলা পরিবার পরিকল্পনা অধিদপ্তরের উপপরিচালক আব্দুস সাত্তার, ডা. অলোক কুমার দাস, পাবলিক প্রসিকিউটর (পিপি) সাইদুর রাজ্জাক, জেলা মুক্তিযোদ্ধা কমান্ডের আহ্বায়ক শামসুল আলম সোনা, জেলা কারাগারের সুপার আমান উল্লাহ, মেহেরপুর জেলা বিএনপির সাধারণ সম্পাদক অ্যাডভোকেট কামরুল হাসান, সরকারি বালক উচ্চ বিদ্যালয়ের ভারপ্রাপ্ত প্রধান শিক্ষক সিদ্দিকুর রহমান, ভারপ্রাপ্ত জেলা শিক্ষা কর্মকর্তা মো. আবদুর রাহীম, জেলা মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের সহকারী পরিচালক রাশিদুল হাসান, জেলা মহিলা বিষয়ক অধিদপ্তরের উপপরিচালক নাসিনা খাতুন, মেহেরপুর জেলা শিল্প ও বণিক সমিতির প্রতিনিধি আনোয়ারুল হক কালু, মেহেরপুর পৌরসভার বস্তি উন্নয়ন কর্মকর্তা জাহিদুর রহমান এবং জেলা মহিলা দলের সভানেত্রী সাইদাতুল নেসা নয়নসহ বিভিন্ন দপ্তরের কর্মকর্তা ও কমিটির সদস্যরা।

সভায় মেহেরপুর জেলার সার্বিক আইনশৃঙ্খলা পরিস্থিতি, অনলাইন জুয়া, মাদকদ্রব্যের অপব্যবহার ও নিয়ন্ত্রণসহ বিভিন্ন গুরুত্বপূর্ণ বিষয় নিয়ে বিস্তারিত আলোচনা করা হয়। জেলার আইনশৃঙ্খলা পরিস্থিতি স্বাভাবিক রাখা এবং অপরাধ নিয়ন্ত্রণে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণের বিষয়েও আলোচনা হয়।

মেহেরপুরে বিশ্ব শিক্ষক দিবস উপলক্ষে আলোচনা সভা অনুষ্ঠিত

শিক্ষার মানোন্নয়ন এবং শিক্ষার্থীদের সুশিক্ষায় শিক্ষিত করে মেহেরপুরকে এগিয়ে নিতে শিক্ষকদের প্রতি আহ্বান জানিয়েছেন জেলা

বিএনপির সাধারণ সম্পাদক অ্যাডভোকেট কামরুল হাসান।

বিশ্ব শিক্ষক দিবস উপলক্ষে মেহেরপুরে আয়োজিত এক আলোচনা সভায় প্রধান অতিথির বক্তব্যে তিনি এ আহ্বান জানান।

আলোচনা সভায় শিক্ষক-শিক্ষিকারা উপস্থিত ছিলেন। এ সময় শিক্ষার মানোন্নয়ন, শিক্ষকদের ভূমিকা এবং শিক্ষার্থীদের ভবিষ্যৎ গঠনে শিক্ষকদের দায়িত্ব নিয়ে আলোচনা হয়।

মেহেরপুরে রুকন সমাবেশ ও মতবিনিময় সভা অনুষ্ঠিত

মেহেরপুর-১ আসনের বাংলাদেশ জামায়াতে ইসলামীর রুকনদের নিয়ে ‘রুকন সমাবেশ ও মতবিনিময় সভা-২০২৬’ অনুষ্ঠিত হয়েছে। গতকাল মঙ্গলবার বিকেল ৪টায় মেহেরপুর জেলা ডিআইটি মিলনায়তন প্রাঙ্গণে এ সমাবেশ অনুষ্ঠিত হয়।

সমাবেশে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন বাংলাদেশ জামায়াতে ইসলামী মেহেরপুর জেলা শাখার আমির ও মেহেরপুর-১ আসনের সদস্য মো. তাজউদ্দীন খান।

বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন মেহেরপুর জেলা জামায়াতের নায়েবে আমির মাহবুব উল আলম, জেলা সেক্রেটারি মো. ইকবাল হুসাইন, জেলা রাজনৈতিক সেক্রেটারি কাজী রুহুল আমিন, জেলা বায়তুলমাল সম্পাদক মো. জারজিস হুসাইন, জেলা শ্রমিক কল্যাণ ফেডারেশনের সভাপতি আব্দুর রউফ মুকুল, জেলা পেশাজীবী বিভাগের সভাপতি আল আমিন ইসলাম বকুল, জেলা তারবিয়াত বিভাগের সেক্রেটারি রফিকুল ইসলাম, মেহেরপুর সদর উপজেলা জামায়াতের আমির সোহেল রানা, মুজিবনগর উপজেলা জামায়াতের আমির খান জাহান আলী এবং মেহেরপুর পৌর জামায়াতের আমির মো. সোহেল রানা ডলার।

এছাড়াও উপজেলা ও ইউনিয়ন সংগঠনের বিভিন্ন পর্যায়ের দায়িত্বশীল ও রুকনরা উপস্থিত ছিলেন।

সমাবেশে সংগঠনের সাংগঠনিক কার্যক্রম, দায়িত্বশীলদের ভূমিকা এবং ভবিষ্যৎ কর্মপরিকল্পনা নিয়ে আলোচনা ও মতবিনিময় করা হয়। অনুষ্ঠানে অংশগ্রহণকারীরা সংগঠনের কার্যক্রম আরও গতিশীল করার ওপর গুরুত্বারোপ করেন।

মেহেরপুরের বারাদীতে জামায়াতের কর্মী শিক্ষা বৈঠক অনুষ্ঠিত

মেহেরপুর সদর উপজেলার বারাদীতে বাংলাদেশ জামায়াতে ইসলামীর কর্মী শিক্ষা বৈঠক অনুষ্ঠিত হয়েছে। গতকাল সোমবার বিকেলে মোমিনপুর মাধ্যমিক বালিকা উচ্চ বিদ্যালয়ে এ কর্মী শিক্ষা বৈঠক অনুষ্ঠিত হয়।

বারাদী ইউনিয়ন জামায়াতের আমির আসাদুজ্জামানের সভাপতিত্বে অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন মেহেরপুর-১ আসনের সংসদ সদস্য ও জেলা জামায়াতের আমির তাজ উদ্দীন খান। অনুষ্ঠানে বিশেষ অতিথি হিসেবে বক্তব্য রাখেন উপজেলা জামায়াত আমির সোহেল রানা ও উপজেলা সেক্রেটারি জাব্বারুল ইসলাম।

বক্তারা তাদের বক্তব্যে পবিত্র কোরআন ও হাদিসের আলোকে মহান আল্লাহর আদেশ-নিষেধ, ব্যক্তিজীবন ও সমাজজীবনে ইসলামের শিক্ষার গুরুত্ব এবং মহানবী হযরত মুহাম্মদ (সা.)-এর জীবন ও ইসলাম প্রতিষ্ঠার বিভিন্ন ঐতিহাসিক ঘটনা তুলে ধরেন।

বক্তারা বলেন, ইসলামী আদর্শ ও নৈতিক মূল্যবোধ অনুসরণের মাধ্যমে একজন মানুষ নিজেকে সৎ, আদর্শবান ও দায়িত্বশীল হিসেবে গড়ে তুলতে পারেন। কোরআন-সুন্নাহর শিক্ষা ব্যক্তি, পরিবার ও সমাজজীবনে বাস্তবায়নের মাধ্যমে শান্তি, ন্যায়বিচার ও মানবিক মূল্যবোধ প্রতিষ্ঠা সম্ভব। এ জন্য নেতাকর্মীদের নিয়মিত কোরআন-হাদিস অধ্যয়ন, আত্মশুদ্ধি ও সাংগঠনিক দায়িত্ব পালনের ওপর গুরুত্বারোপ করা হয়।

অনুষ্ঠানে বারাদী ইউনিয়নের বিভিন্ন ওয়ার্ডের জামায়াতের

নেতাকর্মীরা উপস্থিত ছিলেন। কর্মী শিক্ষা বৈঠকে কোরআন-হাদিসের শিক্ষা, সাংগঠনিক দায়িত্ব ও নৈতিক চরিত্র গঠনের বিভিন্ন বিষয় নিয়ে আলোচনা করা হয়।

অনুষ্ঠানটি সঞ্চালনা করেন বারাদী ইউনিয়ন জামায়াতের সেক্রেটারি আব্দুর রাজ্জাক।

মেহেরপুরের পিরোজপুরে ফ্রেন্ডশিপ ফুটবল টুর্নামেন্ট অনুষ্ঠিত

মেহেরপুর সদর উপজেলার পিরোজপুর স্কুল মাঠে ফ্রেন্ডশিপ ফুটবল টুর্নামেন্ট অনুষ্ঠিত হয়েছে। বাংলাদেশ জামায়াতে ইসলামী পিরোজপুর ইউনিয়নের চেয়ারম্যান পদপ্রার্থী আবুল হোসেনের আয়োজনে এ টুর্নামেন্ট অনুষ্ঠিত হয়।

খেলায় পিরোজপুর জনতা ক্লাব ও রায়পুর জাগরণী ক্লাব মুখোমুখি হয়। প্রতিদ্বন্দ্বিতাপূর্ণ খেলায় পিরোজপুর জনতা ক্লাব ১-০ গোলে রায়পুর জাগরণী ক্লাবকে পরাজিত করে চ্যাম্পিয়ন হওয়ার গৌরব অর্জন করে।

খেলা শেষে পুরস্কার বিতরণী অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন জেলা জামায়াতে ইসলামীর নায়েবে আমির মাহবুব উল আলম। বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন সদর উপজেলা জামায়াতের আমির সোহেল রানা। এছাড়া উপস্থিত ছিলেন সদর উপজেলা জামায়াতের সাবেক সেক্রেটারি জাব্বারুল ইসলাম মাস্টার। অনুষ্ঠানে সভাপতিত্ব করেন আব্দুল মজিদ মাস্টার।

খেলাকে ঘিরে স্থানীয় ক্রীড়াপ্রেমীদের মধ্যে উৎসাহ-উদ্দীপনা দেখা যায়। ম্যাচ উপভোগ করতে মাঠে উপস্থিত ছিলেন বিভিন্ন শ্রেণি-পেশার মানুষ।

[redacted]

[redacted]

মেহেরপুর সরকারি বালিকা উচ্চ বিদ্যালয়ে সম্প্রীতি অলিম্পিয়াড অনুষ্ঠিত

মেহেরপুর সরকারি বালিকা উচ্চ বিদ্যালয়ের সম্মেলন কক্ষে গতকাল মঙ্গলবার ‘সম্প্রীতি অলিম্পিয়াড ও বৃক্ষ বিতরণ’ কর্মসূচি অনুষ্ঠিত হয়েছে।

মেহেরপুর ওয়াইপিএজি (YPAG) এর আয়োজনে, এফসিডিওর অর্থায়নে এবং দি হাঙ্গার প্রজেক্ট বাংলাদেশের এমআইপিএস (MIPS) প্রকল্পের সহযোগিতায় এ অনুষ্ঠানের আয়োজন করা হয়।

অনুষ্ঠানে প্রধান অতিথি ছিলেন বিদ্যালয়ের শিক্ষক সেকেন্দার আলী। বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন বিদ্যালয়ের শিক্ষকবৃন্দ, পিস অ্যাম্বাসেডর সাইয়্যেদাতুন নেসা নয়ন এবং ওয়াইপিএজি সদস্যরা।

সম্প্রীতি, সহনশীলতা ও মানবিক মূল্যবোধ জাগ্রত করার লক্ষ্যে আয়োজিত এ কর্মসূচির মূল আকর্ষণ ছিল কুইজ প্রতিযোগিতা ও বৃক্ষ বিতরণ। কুইজে প্রথম স্থান অর্জন করেন ইসরাত জাহান ইসরা, দ্বিতীয় হন ইফ্ফাত আবৃতা আভা এবং তৃতীয় স্থান অর্জন করেন সামিহা রেজা।

অনুষ্ঠান শেষে বিজয়ীদের মাঝে পুরস্কার এবং শিক্ষার্থীদের মধ্যে বৃক্ষের চারা বিতরণ করা হয়।

কোটচাঁদপুরে শ্রীশ্রী জগন্নাথদেবের রথযাত্রা অনুষ্ঠিত

আনন্দ-উৎসাহের মধ্য দিয়ে কোটচাঁদপুরে সনাতন ধর্মাবলম্বীদের অন্যতম প্রাচীন ধর্মীয় উৎসব শ্রীশ্রী জগন্নাথদেবের রথযাত্রা